

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.০১.২০২৪. ৯৮

তারিখ:

২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
১১ জানুয়ারি ২০২৪ খ্রি.

**অফিস আদেশ**

যেহেতু, জনাব রিবেন ধর (২১১৩৮১৩৪০২০), প্রভাষক (ব্যবস্থাপনা), চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে গত ২০ ডিসেম্বর ২০২৩ তারিখ চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানাধীন বাংলাদেশ মহিলা সমিতি (বাওয়া) উচ্চ বিদ্যালয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসারের বক্তব্য প্রদানকালে নির্বাচনী দায়িত্ব পালনের ব্যাপারে আপত্তি জানানো এবং অবান্তর কথা-বার্তা বলে রিটার্নিং অফিসার তথা বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর সাথে বাক-বিতন্ডায় লিপ্ত হওয়া এবং উক্ত অনুষ্ঠানে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনারের প্রতিনিধির বক্তব্য প্রদানকালে অপ্রাসঙ্গিক ও অযাচিত মন্তব্য করার অভিযোগে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ অনুযায়ী অসদাচরণ এবং শাস্তিযোগ্য অপরাধ মর্মে বাংলাদেশ নির্বাচন কমিশন ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন;


যেহেতু, জনাব রিবেন ধর (২১১৩৮১৩৪০২০), প্রভাষক (ব্যবস্থাপনা), চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

সেহেতু, জনাব রিবেন ধর (২১১৩৮১৩৪০২০), প্রভাষক (ব্যবস্থাপনা), চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী ১১/০১/২০২৪ তারিখ থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

- ২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।
- ৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
২৩/০১/২৪  
(সোলেমান খান)  
সচিব


নং- ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.০১.২০২৪. ৯৮/০ (৭)

তারিখ:

২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
১১ জানুয়ারি ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। সচিব, নির্বাচন কমিশন, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (জনাব রিবেন ধর এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অধ্যক্ষ, চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।
- ৬। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৯। জনাব রিবেন ধর (২১১৩৮১৩৪০২০), প্রভাষক (ব্যবস্থাপনা), চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

  
২৩/০১/২০২৪  
(মো: শাহীনুর ইসলাম)  
উপসচিব